

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ ফেব্রুয়ারী ২০২২

চসিক বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে

ভারপ্রাপ্ত মেয়রের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন বলেছেন, প্রাকৃতিক দিক থেকে চট্টগ্রাম নগরী সৌন্দর্য্যতম নগরী। প্রাচ্যের রানী হিসেবে খ্যাতি অর্জন করেছে। চট্টগ্রামকে বিশ্বের উন্নত নগরী হিসেবে গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে গুরুত্ব দিয়েছেন তা চট্টগ্রামের স্বার্থে নয়, সরা দেশের অর্থনৈতিক হাব হিসেবে গুরুত্ব বহন করে বলেই চট্টগ্রামের উন্নয়নের দায়িত্ব তিনি নিজ হাতে নিয়েছেন। এ ক্ষেত্রে আমাদেরকে সঠিকভাবে দায়িত্ব পালন করতে হবে। আজ রোববার সকালে নগর ভবনে সিটি মেয়রের কক্ষে বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে এক বৈঠকে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আরো বক্তব্য রাখেন-প্যানেল মেয়র আফরোজা কালাম, কাউন্সিলর নুর মোস্তফা টিনু, চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, স্পেশাল মেজিস্ট্রেট মনীষা মহাজন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, কামরুল ইসলাম, সুদীপ বসাক, ভারপ্রাপ্ত প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মো. মোরশেদ আলম চৌধুরী, নির্বাহী প্রকৌশলী মীর্জা ফজলুল কাদের, মো. রেজাউল বারী ভূঁইয়া, স্থপতি আবদুল্লাহ ওমর, ভূ-সম্পদ কর্মকর্তা জসিম উদ্দিন প্রমুখ।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, চসিকের প্রধান ও মুখ্য কাজ নগরীর পরিষ্কার-পরিচ্ছন্ন, আলোকায়ন ও রাস্তা-ঘাট সংস্কার করা। এ কাজগুলো সঠিকভাবে করতে পারলে নগরবাসী জন্য পরিবেশ বাস্তু একটা নগর গড়ে তোলা সম্ভব। তিনি কর্পোরেশনের যানবাহন মেরামতের উপর গুরুত্ব দিয়ে বলেন, যানবাহন মেরামতে বছর-বছর বিপুল পরিমাণ অর্থ ব্যয় করতে হয়। এই অর্থের অপচয় রোধ করতে নিজস্ব জনবল দিয়ে ওয়ার্কসেপে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি জানান এ বিষয়ে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে তিনি কথা বলবেন। আবদুস সবুর আরো বলেন, মশার উপদ্রব থেকে পরিত্রাণ পেতে প্রতিটি ওয়ার্ডে মশার ওষুধ ছিটানোর কাজ সঠিকভাবে তদারকী করার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান এবং তাঁর দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন।

ভারপ্রাপ্ত মেয়রকে

চট্টগ্রাম বোর্ডের এইচএসসি

পরীক্ষার ফলাফল হস্তান্তর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের ২০২১ শিক্ষা বর্ষের এইচএসসি ও সমমান পরীক্ষার প্রকাশিত ফলাফল আজ রোববার সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটনের নিকট টাইগারপাসসহ কর্পোরেশনের মেয়র দপ্তরে হস্তান্তর করেছেন চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কর্মকর্তারা।

এ সময় ওয়ার্ড কাউন্সিলর জহর লাল হাজারী, গাজী শফিউল আলম, সংরক্ষিত কাউন্সিলর রুমকী সেন গুপ্ত, শাহীন আক্তার রাজী, সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা বোর্ডের উপ সচিব মোহাম্মদ বেলাল হোসেন, বিদ্যালয় উপ পরিদর্শক মো. আবুল বাশার, পরীক্ষা নিয়ন্ত্রক নারায়ন দাশ উপস্থিত ছিলেন।

নাসিরাবাদ হাউজিংয়ে প্যাঁচওয়ার্ক পরিদর্শনে

ভারপ্রাপ্ত মেয়র

নগরীর নাসিরাবাদ হাউজিং সোসাইটির ক্ষতিগ্রস্থ ১ ও ২নং রোডের প্যাঁচওয়ার্ক গতকাল ১২ ফেব্রুয়ারি শনিবার রাতে পরিদর্শনে যান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন। পরিদর্শনকালে ভারপ্রাপ্ত মেয়র বলেন, নগরীর বিভিন্ন এলাকার সড়ক সমূহ সরকারের নেয়া মেগা প্রকল্পের কারণে কাটা হয়েছে। চট্টগ্রাম ওয়াসার পানি সরবরাহ প্রকল্প ও উড়াল সড়কের নির্মাণ কাজ উল্লেখ যোগ্য। এসব মেগা প্রকল্পের চলমান কাজের জন্য সাময়িকভাবে নাগরিক ভোগান্তি বাড়ছে। তবে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে আমরা আশ্রয় চেপ্টা করছি নাগরিক দুর্ভোগ সহনীয় পর্যায়ে রাখতে। আশাকরি সহসায় এই দুর্ভোগ লাঘব হবে। তিনি চট্টগ্রাম নগরীকে পরিচ্ছন্ন ও সুন্দর রাখতে নগরবাসীর সহায়তা কামনা করেন।

এ সময় চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান এম এ সালাম, রাউজান উপজেলা পরিষদের চেয়ারম্যান এহছানুল হায়দার চৌধুরী বাবুল, কাউন্সিলর মোরশেদ আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভীন জেসী, চকবাজার ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি আমিনুল হক রঞ্জু, নাসিরাবাদ হাউজিং সোসাইটি সভাপতি মো. আলমগীর, সাধারণ সম্পাদক ইদ্রিস আলমসহ মো. সাজ্জাদ, এস এম খালেদ বাবুল ভারপ্রাপ্ত মেয়রের সাথে ছিলেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

সাইনবোর্ডে বাংলা না লেখায়

আট ব্যবসা প্রতিষ্ঠানকে ৩৩ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রোববার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নির্দেশনা মোতাবেক বাংলা সাইন বোর্ড না লেখায় নগরীর স্টেশন রোডস্থ দি এলিয়ানা হোটেল এন্ড সুইটকে ৭ হাজার, নিউ মার্কেটের নীচ তলার জেন্টেল ম্যানকে ৪ হাজার, জেন্টেলপার্ক কে ৪ হাজার, আরটেক্সকে ৪ হাজার, ব্লু-মুন কে ৩ হাজার, ট্রাফিক কে ৩ হাজার, ইনফিনিটি কে ৪ হাজার ও প্রাইড শো-রুমকে ৪ হাজার টাকাসহ সর্বমোট ৩৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। আদালত পরিচালনাকালে ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩